গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান কার্যালয়
রাজশাহী।
bbs.rajshahi.gov.bd

নং-৫২.০১.৮১০০.০০০.৪৫.০২৫.১৯-৯৬৫

তারিখঃ ২৮শ্রাবণ ১৪৩১
১২ আগষ্ট ২০২৪

বিষয়: চলমান বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে।

| ক্রমিক নং | চলমান বিভাগীয় কার্যক্রমের বিবরণ | কর্মরত জনবল | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | বাংলাদেশ পরিসংখ্যান পুরো (বিবিএস) পরিসংখ্যান আইন ২০১৩ এবং Allocation of Business অনুযায়ী প্রতি দশ বছর অন্তর অন্তর অর্থনৈতিক শুমারি পরিচালনা করে থাকে। অর্থনৈতিক শুমারি হলো দেশের মৌলিক অর্থনৈতিক কর্মকান্ডের পূর্ণাঙ্গ তথ্যভান্ডার। এ লক্ষ্যে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি বাস্তবায়নের জন্য গত ২৯ আগস্ট ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্পটি অনুমোদিত হয়। দেশের ভৌগোলিক সীমারেখায় অবস্থিত অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত সকল ধরণের স্থায়ী, অস্থায়ী প্রতিষ্ঠান এবং অর্থনৈতিক কর্মকান্ড সম্বলিত খানা এই শুমারির আওতাভুক্ত হবে। শুমারির মাধ্যমে অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহের মালিকানা, কাঠামো, লিগ্যাল স্ট্যাটাস, কর্মকান্ডের ধরণ, উৎপাদিত পণ্য বা সেবার ধরণ, কর্মসংস্থান, স্বায়ী সম্পদের মূল্য ইত্যাদি সম্পর্কিত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করা হবে। অর্থনৈতিক শুমারি ২০১৩-এয় তথ্য সংগ্রহ কার্যক্রম দুটি পর্বে সম্পাদিত হবে। শুমারির ১ম পর্বের লিস্টিং কার্যক্রম আগামী জুলাই, ২০২৪-এ এবং মূল শুমারি কার্যক্রম ২০২৪-২৫ অর্থবছরের নভেম্বর/ ডিসেম্বরে বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। | রাজশাহী জেলার ৩টি ডিসিসি এলাকায় ইউসিসি ৮ জন, জোনাল অফিসার ৫৫ জন, লিস্টিংকারী ১৪৬৭ জন ,তথ্যসংগ্রহকারী ১৬৩২ জন এবং সুপারভাইজার ৩১৪ জন নিয়োজিত থাকবে। | |
| ২. | বংলাদেশ পরিসংখ্যান ব্যুরে কর্তৃক পরিচালিত 'ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক ICT ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' প্রকল্পের আওতাধীন জরিপসমূহ পরিচালনার লক্ষ্যে মাঠ পর্যায়ের নির্ধারিত ২৫৬৮টি PSU-তে CAPI পদ্ধতিতে ০৫ মার্চ ২০০৪ হতে ০৪ জুন ২০০৪ খ্রি তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) মাস ব্যাপী লিস্টিং কার্যক্রম পরিচালিত হয়েছে। | রাজশাহী জেলায় ০৪জন লিস্টিংকারী এবং ০১ জন জেলা সুপারভাইজিং কর্মকর্ত ও ০১ জন উপজেলা সুপারভাইজিং কর্মকর্তা নিয়োজিত থাকবে। | |
| ৩. | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত "শ্রম শক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতাধীন Labour Force Survey এর মাঠ পর্যায়ে নির্ধারিত ১২৮৪ টি পিএসইউ থেকে ২৪ সালের ১ম কোয়ার্টারের তথ্য সংগ্রহ কার্যক্রম এপ্রিল-জুন/২০১৪ খ্রি. তারিখ পর্যন্ত CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে পরিচালিত হয়েছে। | রাজশাহী জেলায় ০৪ জন তথ্য সংগ্রহকারী এবং ০১ জন সুপারভাইজিং কর্মকর্তা নিয়োজিত আছেন। | ২০২৩ সালের ৩য় কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর) এ Labour Force Total-73.44 Male 47.99 Female-25.45 |
| ৪. | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম' শীর্ষক প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে ২৭৬৬টি নমুনা পিএসইউ-তে স্থানীয় মহিলা রেজিস্ট্রারগণ প্রতিমাসে কম্পিউটার অ্যাসিসটেড পার্সোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে তথ্য সংগ্রহ করে থাকেন। ২০২১ সাল পর্যন্ত দ্বৈত পদ্ধতিতে তথ্য সংগ্রহের ব্যবস্থা চালু থাকলেও চলতি ২০২২ সাল হতে একক রেজিস্ট্রেশন পদ্ধতিতে তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু করা হয়েছে। এমতাবস্থায় তথ্যের গুণগত মান বজায় রাখার স্বার্থে উপজেলা/থানা সুপারভাইজার, জেলা সুপারভাইজিং কর্মকর্তা | রাজশাহী জেলায় ৮৮ জন স্থানীয় রেজিস্টার, ১৫ জন সুপারভাইজার এবং ০১ জন সুপারভাইজিং কর্মকর্তা নিয়োজিত রয়েছেন। | Average annual growth rate of population-1.22 Total Fertility Rate-2.04 Life expectancy at birth 72.8 Male-71.2 Female-745 Literacy |

| ক্রমিক নং | চলমান বিভাগীয় কার্যক্রমের বিবরণ | কর্মরত জনবল | মন্তব্য |
|---|---|---|---|
| | (উপপরিচালক) ও বিভাগীয় সুপারভাইজিং কর্মকর্তা (যুগ্মপরিচালক) কর্তৃক নিয়মিতভাবে মাঠ পর্যায়ে নির্ধারণ করে দেয়া পিএসইউসমূহে মাসিক পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। | | Rate:74-74.66<br>Male-76.56<br>Female-72.82<br>Crude Death Rate 51 |
| ৫. | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন এন্ড রিবেজিং অব ইন্ডিসিস (IGC & BI)' প্রকল্পের আওতায় Quantum Index of Industrial Production (QIIP) Producer Price Index (PPI) রিবেজ ও রিভিশন করার লক্ষ্যে তথ্য সংগ্রহের কাজ নিয়মিত চলছে। | রাজশাহী জেলায় ০১ জন তথ্য সংগ্রহকারী এবং ০১ জন সুপারভাইজিং কর্মকর্তা নিয়োজিত রয়েছেন। | |
| ৬. | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক নিয়মিত কার্যক্রমসমূহের মধ্যে মুল্য ও মজুরি (CPI. BMPT. WRI & HRI) বিষয়ক পরিসংখ্যান প্রণয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কাজ। এ কাজ থেকে সরকার ও অংশীজন দেশের সামষ্টিক অর্থনীতির বিভিন্ন সূচক (Consumer Price Index-CP1, Inflation Rate-IR, Wage Rate Index-WRI, Building Materials Price-BMPI & House Rate Index- HII) সম্পর্কে সম্যক ধারণা পেয়ে থাকে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল একাউন্টিং উইং কর্তৃক রাজশাহী জেলা থেকে রিবেজিং সংক্রান্ত ডাটা ৩টি দরছক (দরছক-১: কোর্ট স্টেশন বাজার, সাহেব বাজার ও নিউমার্কেট সংলগ্ন বাজার, দরছক-২ বানেশ্বর বাজার এবং দরছক-৩:পাইকারী বাজার) এর মাধ্যমে প্রতি মাসের ১১ হতে ১৯ তারিখ ফুড,ননফুড দ্রব্যসামগ্রী ও সেবার মূল্য র কাজ নিয়মিত চলছে। | রাজশাহী জেলায় ০৫ জন তথ্য সংগ্রহকারী এবং ০১ জন সুপারভাইজিং কর্মকর্তা নিয়োজিত রয়েছেন। | আগষ্ট/২০২৪ মাসের মূল্যস্ফীতি ৯.৫%<br>জুলাই /২০১৪ মাসের মূল্যস্ফীতি ৯.৭২%<br>জুন/২৪ মাসের মূল্যস্ফীতি-৯.৭৪%<br>মে/২০১৪ মাসের মূল্যস্ফীতি ৯.৮১%<br>এপ্রিল/২৪ মাসের মূল্যস্ফীতি৯.৭৪%<br>মার্চ/২৪ মাসের মূল্যস্ফীতি-৯.৮১%।<br>ফেব্রুয়ারি/২৪ মাসের মূল্যস্ফীতি-৯.৬৭%<br>জানুয়ারি/এর মাসের মূল্যস্ফীতি-৯.৮৬% |
| ৭. | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) পরিসংখ্যান আইন ২০১৩ এবং Allocation of Business অনুযায়ী প্রতি দশ বছর অন্তর অন্তর অর্থনৈতিক শুমারি পরিচালনা করে থাকে। অর্থনৈতিক শুমারি হলো দেশের মৌলিক অর্থনৈতিক কর্মকান্ডের পূর্ণাঙ্গ তথ্যভান্ডার। এ লক্ষ্যে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি বাস্তবায়নের জন্য ১ম জোনাল অপারেশনের অংশ হিসেবে লিস্টিং অপারেশন ০৫-২৫ জুলাই পর্যন্ত মাঠ পর্যায়ে চলমান থাকবে। | রাজশাহী জেলার মোট ৫৫ জন জোনাল অফিসার ,০৭ জন ইউসিসি,০৩ জন ডিসিসি এবং ০১ জন বিভাগীয় শুমারি সমন্বয়কারী নিয়োজিত আছেন। | |
| ৮. | মাসিক কৃষি মজুরীসহ ৬টি প্রধান ফসল এবং প্রায় ১৫০টি অপ্রধান ফসলের রিপোর্ট কৃষি ক্যালেন্ডার অনুযায়ী যথাসময়ে প্রেরণ করা হয়। | জেলা পরিসংখ্যান কার্যালয় রাজশাহীর অধীন মেট্রোথানা এবং সকল উপজেলা পরিসংখ্যান কার্যালয় । | |

বর্তমানে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছ

12 · 08 · 2024

কাজল রেখা
উপপরিচালক
জেলা পরিসংখ্যান কার্যালয়
রাজশাহী।
☏০২৫৮৮৮০১৩৪৪
Email:dd.bbs.rajshahi@gmail.com

প্রাপক,
জেলা প্রশাসক
রাজশাহী।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা),
জেলা প্রশাসকের কার্যালয়,রাজশাহী।